# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮৩৯

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ মানুষের জন্য মুস্তাহাব হলো আঙ্গুল গুনে গুনে সুবহানাল্লাহ, লা ইলাহা ইল্লাল্লাহ ও আল্লাহর পবিত্রতা ঘোষনা করা, কেননা কিয়ামতের দিন আঙ্গুলগুলোকে জিজ্ঞেস করা হবে এবং সেগুলো কথা বলবে

ذكر اسحباب عَقْدِ الْمَرْءِ التَّسْبِيحَ وَالتَّهْلِيلَ وَالتَّقْدِيسَ بِالْأَنَامِلِ إِذْ هُنَّ مَسْؤُولَاتٌ وَمُسْتَنْطَقَاتٌ

---

আরবী

839 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بِشْرٍ قَالَ: سَمِعْتُ هَانِئَ بْنَ عُثْمَانَ عَنْ أُمِّهِ حُمَيْضَةَ بِنْتِ يَاسِرٍ عَنْ جَدَّتِهَا يُسَيْرَةَ ـ وَكَانَتْ إِحْدَى الْمُهَاجِرَاتِ ـ قَالَتْ: قَالَ لَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (عَلَيْكُنَّ بِالتَّسْبِيحِ وَالتَّهْلِيلِ وَالتَّقْدِيسِ وَاعْقِدْنَ بِالْأَنَامِلِ فإنهن مسؤولات ومستنطقات)

الراوي : يُسَيْرة المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 839 | خلاصة حكم المحدث: حسن.

বাংলা

৮৩৯. মুহাজিরা সাহাবী ইউসাইরা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদেরকে বলেছেন, “তোমাদের জন্য আবশ্যক হলো আঙ্গুল গুনে গুনে সুবহানাল্লাহ, লা ইলাহা ইল্লাল্লাহ ও আল্লাহর পবিত্রতা ঘোষনা করা, কেননা কিয়ামতের দিন আঙ্গুলগুলোকে জিজ্ঞেস করা হবে এবং সেগুলো কথা বলবে!”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/২৮৯; মুসনাদ আহমাদ: ৬/৩৭০-৩৭১; তাবাকাতু ইবনু সা'দ: ৮/৩১০; তিরমিযী: ৩৫৮৩; তাবারানী আল কাবীর: ২৫/৭৩; আবূ দাউদ: ১৫০১।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে য‘ঈফ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১৩৪৫।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ ইউসাইরা রাদ্বিয়াল্লাহু আনহা

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89342

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন